দৈনিক খবর

৪৪

৩২

তারিখ 05 SEP 1989
পৃষ্ঠা ৭ কলাম ৫

# বিজ্ঞান ও প্রযুক্তি নীতিকে সুবিন্যস্ত করতে হবে —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, আমাদের বিজ্ঞান ও প্রযুক্তি নীতিকে এমনিভাবে সুবিন্যস্ত করতে হবে যাতে জাতি অন্যান্য উন্নত দেশের ন্যায় একই মর্যাদা নিয়ে একবিংশ শাতাব্দীতে প্রবেশ করতে পারে। মন্ত্রী গত শনিবার বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যা বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত উক্ত বিভাগের অধীনে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সভায় সভাপতির ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণী'র।

তিনি দুই হাজার সাল নাগাদ বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে কি কি পরিকল্পনা গ্রহণ করা উচিত তা নির্ণয় করার জন্য বৈজ্ঞানিক, প্রযুক্তিবিদ ও পরিকল্পনা প্রণয়নকারীদের প্রতি আহবান জানান।

তিনি বলেন, রাষ্ট্রপতি এরশাদ তাঁর বিভিন্ন ভাষণে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অগ্রগতি অর্জনের সুস্পষ্ট নির্দেশ দিয়েছেন এবং আগামী পাঁচ বছরের মধ্যে এই খাতে মোট জাতীয় উৎপাদনের এক দশমিক এক ভাগ বিনিয়োগের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছেন। আমাদেরকে আগামীতে এমনভাবে পরিকল্পনা প্রণয়ন করতে হবে যাতে জাতি সেইসব গবেষণা কর্মের সুস্পষ্ট সুফল পায়।

সভায় বিসিএসআইআর-এর জ্বালানি সাশ্রয় প্রকল্প, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যা যাদুঘর প্রকল্প, ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী পরমাণু চিকিৎসা কেন্দ্রের আধুনিকীকরণ প্রকল্পসহ বিভিন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করা হয়।